



তথ্যবিবরণী

নম্বর-২৬১

## কৃষিমন্ত্রী আগামীকাল রাজশাহী আসবেন

রাজশাহী; ০২ জ্যৈষ্ঠ (১৬ মে):

কৃষিমন্ত্রী ড. মো: আব্দুস শহীদ, এমপি আগামীকাল শুক্রবার (১৭ মে) একদিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। সকাল ০৮:২০ মিনিটে তিনি বিমানযোগে রাজশাহী বিমানবন্দরে এসে পৌঁছবেন।

শুক্রবার (১৭ মে) সকাল সাড়ে নয়টায় মন্ত্রী গোদাগাড়ী উপজেলার দেওয়াপাড়া ইউনিয়নের চৈতন্যপুর গ্রামে উপস্থিত থেকে জমিতে পর্যায়ক্রমিক পানি সেচ ও শুকানোর পদ্ধতি বোরো ধান চাষ পদ্ধতি বিষয়ে ডেমো প্লট পরিদর্শন ও জমির মালিক এবং অপারেটরদের সাথে মতবিনিময় করবেন।

এরপর মন্ত্রী সকাল ১১.০০টায় সোনাদীঘি গ্রামের কৃষক রাতুন এর ফার্মে মাটিবিহীন চারা উৎপাদন, ই-ফার্মিং, ভার্মি কম্পোস্ট, বাসতবাড়ি বাগান পরিদর্শন করবেন।

সকাল ১১.৫০টায় মন্ত্রী করমপুর গ্রামে আমের বাগান পরিদর্শন ও আমচাষি, বোরো ধানচাষি উদ্যোক্তা ডেমো মালিক এবং অপারেটরদের সাথে মতবিনিময় করবেন।

বিকাল তিনটায় মন্ত্রী কৃষি মন্ত্রণালয়ের রাজশাহী বিভাগীয় অঞ্চলের আওতাধীন দগুর/সংস্থা, কৃষি প্রতিষ্ঠান, সরকারি বেসরকারি উন্নয়নমূলক প্রতিষ্ঠানের উপস্থিতিতে 'Climate Smart Agricultural Transformation' বিষয়ে কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় যোগদান করবেন।

এদিন বিকাল ৫.৫০টায় মন্ত্রী বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ছেড়ে যাবেন।

.....

তৌহিদ/আতিক/সাইদুর/২০২৪/১১.৫০